



কেরানীগঞ্জের জিজিরা পিএম পাইলট উচ্চ মাধ্যমিক বিদ্যালয় কেন্দ্রে আসন দেখছে পরীক্ষার্থীরা

দেশজুড়ে জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) ও জুনিয়র দাখিল সার্টিফিকেট (জেডিসি) পরীক্ষা শুরু হয়েছে।

শনিবার শুরু হওয়া এই পরীক্ষায় অংশ নেয় ২৩ লাখ ৮২ হাজার ৭৯৪ জন শিক্ষার্থী। আর অনুপস্থিত ছিল ৬৬ হাজার ১৯৪ জন।

সারাদেশে ৩৮ জন শিক্ষার্থী অসুদায় অবলম্বনের দায়ে বহিষ্কার হয়েছে। এর মধ্যে ঢাকা বোর্ডে ২ জন, রাজশাহী বোর্ডে ৫ জন, কুমিল্লায় ২ জন, বরিশালে ৮ জন, দিনাজপুরে ১ জন, ময়মনসিংহে ১৮ জন এবং মাদ্রাসা শিক্ষা বোর্ডে ২ জন।

আন্তঃশিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রণ কম্বলের সূত্রে এসব তথ্য পাওয়া গেছে।

প্রথম দিন পরীক্ষা শুরু হয় সকাল ১০টায়। এদিন জেএসসির বাংলা এবং জেডিসির কুরআন মাজীদ ও তাজবিদ বিষয়ের পরীক্ষা অনুষ্ঠিত হয়। জেএসসি-জেডিসি পরীক্ষা শেষ হবে আগামী ১৩ নভেম্বর।

সকালে পরীক্ষা কেন্দ্র পরিদর্শনে গিয়ে শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি বলেন, বিগত সময়ে একটি চক্র সামাজিক যোগাযোগমাধ্যমে প্রশ্নপত্র ফাঁসের গুজব ছড়িয়ে মানুষে সঙ্গে প্রতারণা করেছে। প্রশ্ন ফাঁসের কথা বলে সাধারণ মানুষের কাছ থেকে টাকা-পয়সা হাতিয়ে নিয়েছে। এবার এ ব্যাপারে আমাদের গোয়েন্দা সংস্থাগুলো যথেষ্ট সতর্ক রয়েছে।

তিনি বলেন, এবার জেএসসি-জেডিসি পরীক্ষায় এখন পর্যন্ত কোনো প্রশ্নপত্র ফাঁসের ঘটনা ঘটেনি, আশা করি ঘটবেও না।

শিক্ষামন্ত্রী রাজধানীর পার্শ্ববর্তী কেরানীগঞ্জ উপজেলার জিনজিরা পি এম পাইলট উচ্চ বিদ্যালয় অ্যাড কলেজ কেন্দ্র পরিদর্শন করেন।

কেন্দ্র পরিদর্শন শেষে শিক্ষামন্ত্রী বলেন, এ কেন্দ্রে পর্যাপ্ত আলো-বাতাস রয়েছে। সব নিয়ম কানুন মানা হয়েছে। পরীক্ষা শুরু হওয়ার আগেই আমরা কেন্দ্র পরিদর্শন করেছি। কেননা পরীক্ষার সময় পরিদর্শনে গেলে শিক্ষার্থীদের অসুবিধা হয়।

তিনি অভিভাবকদের উদ্দেশে বলেন, আপনাদের সন্তানদের পরীক্ষা কেন্দ্রে ভালো প্রস্তুতি নিয়ে পাঠাবেন। তাহলে মেধা অনুযায়ী তাদের ফল আসবে। আপনারা যদি সন্তানের ভালো ফলাফলের জন্য অনৈতিক পদ্ধতি অবলম্বন করেন, তবে তাদের ভবিষ্যৎ নষ্ট হয়ে যাবে।

কেন্দ্র পরিদর্শনকালে শিক্ষা উপমন্ত্রী ব্যারিস্টার মহিবুল হাসান চৌধুরী নওফেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সিনিয়র সচিব মো. সোহরাব হোসাইন, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদফতরের মহাপরিচালক প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারুক, ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর মু. জিয়াউল হক, নির্বাহী ম্যাজিস্ট্রেট ও সহকারী কমিশনার (ভূমি) কেরানীগঞ্জ সার্কেল কামরুল হাসান সোহেল, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা নিলুফার জাহান প্রমুখ উপস্থিত ছিলেন।

সকাল থেকে সারাদেশে সুষ্ঠু ও শান্তিপূর্ণ পরিবেশে পরীক্ষা শুরু হয়। দেশের ২৯ হাজার ৭৩টি কেন্দ্রে এবছরের এই পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে।

© সমকাল 2005 - 2019

ভারপ্রাপ্ত সম্পাদক : মুস্তাফিজ শফি । প্রকাশক : এ কে আজাদ

টাইমস মিডিয়া ভবন (৫ম তলা) | ৩৮৭ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ । ফোন : ৫৫০২৯৮৩২-৩৮ | বিজ্ঞাপন : +৮৮০১৯১১০৩০৫৫৭ (প্রিন্ট পত্রিকা), +৮৮০১৮১৫৫৫২৯৯৭ (অনলাইন) । ইমেইল: ad.samakalonline@outlook.com